গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা,ঢাকা
কর্মসম্পাদন শাখা
www.probasi.gov.bd

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রাণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ ড. আহমেদ মুনিরুছ সালেহীন সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
স্থান	ঃ সভাকক্ষ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
তারিখ	ঃ ১৫-০৯-২০২১ খ্রিঃ
সময়	ঃ সকাল ১১:০০ ঘটিকা।

০২। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

০৩। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এপিএ টিম লিডার জনাব মোঃ আব্দুল মান্নান সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর অনুবিভাগভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক, সূচকের মান সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপন করেন। অত:পর জনাব দীপক কুমার রায়, সিনিয়র সহকারী সচিব ও এপিএ এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, গণনা পদ্বতি ও প্রমাণক বিষয়ে সূচক বিস্তারিত উপস্থাপন করেন (পরিশিষ্ট 'খ')। একই সাথে তিনি মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংশোধনের প্রস্তাব উর্দ্ধতন অফিসে যৌক্তিকতাসহ প্রেরণ সংক্রান্ত পত্রটি সভায় উপস্থাপন করেন।

০৪। যুগ্মসচিব (মিশন ও কল্যাণ) অনুবিভাগ সভায় বলেন, সূচক [১.১.১] ভিসা/চাহিদাপত্র যাচাইকৃত/সত্যায়নকৃত (অনলাইনসহ) সূচক সংক্রান্ত কাজ কর্মসংস্থান অনুবিভাগের মাধ্যমে করা হয়ে থাকে। তিনি এই সূচকের মান অর্জনের জন্য কর্মসংস্থান অনুবিভাগকে দায়িত্ব দেয়ার জন্য মত প্রকাশ করেন।

০৫। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহের সর্বোচ্চমান অর্জন করার ক্ষেত্রে অনুবিভাগ প্রধানগণের সহযোগিতা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। প্রত্যেক অনুবিভাগ প্রধানকে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) মান অর্জনের জন্য দায়িত্ববান হয়ে কাজ করার অনুরোধ জানানো হয় এবং কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, গণনা পদ্ধতি ও প্রমাণক বিষয়ে কোন মতামত থাকলে সেটি আগামী ১৯/০৯/২০২১ তারিখের মধ্যে জানানোর নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সূচক ৩.১.১, ৩.১.২ এবং ৪.১.২. প্রশাসন অনুবিভাগে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৬। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংশোধনের প্রস্তাব উর্ধ্বতন অফিসে যৌক্তিকতাসহ প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় কর্মসম্পাদন সূচকের আলোচনা শেষে সূচক [১.২.১] প্রত্যাগত কর্মীদের পুন:একত্রিকরণ, [১.২.২] প্রত্যাগত কর্মীদের পুনর্বাসনের উদ্যোগ গৃহীত,-[১.২.৩] কোভিড-১৯ এ উদ্ভুত পরিস্থিতিতে বিদেশ ফেরত কর্মীদের ডাটাবেজ নিবন্ধনকৃত, [২.১.১] বৈদেশিক কর্মসংস্থান সৃষ্টি সংশোধন বিষয়ে উপস্থিত সকলে মতামত ব্যক্ত করেন।

০৭। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৭.১. কর্মসম্পাদন সূচক [১.১.১] ভিসা/চাহিদাপত্র যাচাইকৃত/সত্যায়নকৃত (অনলাইনসহ) মিশন ও কল্যাণ অনুবিভাগের পরিবর্তে কর্মসংস্থান অনুবিভাগ কাজ করবে এবং প্রমাণক সরবরাহ করবে।

৭.২. সূচক [১.২.১] প্রত্যাগত কর্মীদের পুন:একত্রিকরণ, [১.২.২] প্রত্যাগত কর্মীদের পুনর্বাসনের উদ্যোগ গৃহীত এবং -[১.২.৩] কোভিড-১৯ এ উদ্ভুত পরিস্থিতিতে বিদেশ ফেরত কর্মীদের ডাটাবেজ নিবন্ধন সংক্রান্ত সূচকসমূহ সংশোধন করতে হবে। সংশ্লিষ্ট অনুবিভাগ সংশোধন প্রস্তাব প্রেরণ করবে।

৭.৩. কর্মসম্পাদন সূচক [২.১.১] বৈদেশিক কর্মসংস্থান সৃষ্টি মিশন ও কল্যাণ অনুবিভাগের পরিবর্তে কর্মসংস্থান অনুবিভাগ কাজ করবে এবং প্রমাণক সরবরাহ করবে।

৭.৪. প্রতিটি অনুবিভাগ প্রধানকে কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, গণনা পদ্ধতির বিষয়ে মতামত চেয়ে পত্র প্রেরণ করতে হবে এবং উক্ত পত্রের আলোকে অনুবিভাগ হতে যথাযথ প্রমাণক সরবরাহ করবে।

৭.৫. প্রত্যেকটি অনুবিভাগ কর্মসম্পাদন সূচক বিষয়ে তাদের মতামত উপস্থাপন করবে।

৭.৬. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) কোয়ার্টার শেষ হওয়ার পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অনুবিভাগ/দপ্তর/সংস্থা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) এ মন্ত্রণালয়ের কর্মসম্পাদন শাখায় প্রেরণ করবে।

৭.৭. বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মান অর্জনের লক্ষ্যে অনুবিভাগ প্রধানগণ সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাগণকে নিয়ে নিয়মিত সভা করবেন।

৭.৮. সূচক [৩.৩.১] শ্রম অভিবাসন সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ মিশন ও কল্যাণ অনুবিভাগের পরিবর্তে গবেষণা ও নীতি অনুবিভাগ কাজ করবে এবং প্রমাণক সরবরাহ করবে।

০৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. আহমেদ মুনিরুছ সালেহীন)
সচিব

স্মারক নং-৪৯.০০.০০০০.০৪৩.০২৭.০১০.২১-৮৬ তারিখঃ ২৭-০৯-২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০২. মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
০৩. মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা ,ঢাকা।
০৪. ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা ,ঢাকা।
০৫. যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৬. উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৮. সচিবের একান্ত সচিব (উপসচিব) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯. সিনিয়র সহকারী সচিব (সকল)/সিস্টেম এনালিস্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০. প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১১. সহকারী সচিব (সকল)/হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১২. অফিস কপি ।

২৭.৯.২০২১

দীপক কুমার রায়
সিনিয়র সহকারী সচিব

C:\Users\Dell\Desktop\letter.docx